

বিভাগীয় পরীক্ষার বিজ্ঞপ্তি

নং-৮০.১০৪.০৩৯.০০.০৪.২য়.২০১৮- ৮৬


তারিখঃ ২৪ জুলাই, ২০১৮

বিষয়ঃ বাংলাদেশ সিভিল সার্ভিস ক্যাডারভুক্ত ও নন-ক্যাডার কর্মকর্তাদের দ্বিতীয় অর্ধ-বার্ষিকী বিভাগীয় পরীক্ষা, ডিসেম্বর/২০১৮ গ্রহণ সংক্রান্ত

সংশ্লিষ্ট সকলকে জানানো যাচ্ছে যে, বাংলাদেশ সিভিল সার্ভিস ক্যাডারভুক্ত ও নন-ক্যাডার (নির্বাচন কমিশন সচিবালয় ও মাঠ পর্যায়ের কর্মকর্তা, জনশক্তি কর্মসংস্থান ও প্রশিক্ষণ ব্যুরোর কারিগরি / অকারিগরি কর্মকর্তা, নিবন্ধন পরিদপ্তরের সাব-রেজিস্ট্রার, বিনিয়োগ বোর্ড-এর কর্মকর্তা এবং শ্রম অধিদপ্তরের (শ্রম শাখা) কলকারখানা ও প্রতিষ্ঠানসমূহের পরিদর্শন অধিদপ্তরের কারিগরি / অকারিগরি) কর্মকর্তাদের ২০১৮ সনের ২য় অর্ধ-বার্ষিকী বিভাগীয় পরীক্ষা ডিসেম্বর, ২০১৮ মাসে অনুষ্ঠিত হতে পারে। পরীক্ষাসূচি যথাসময়ে দৈনিক পত্রিকায় এবং বাংলাদেশ সরকারী কর্ম কমিশনের ওয়েবসাইটে প্রকাশ করা হবে। আগামী ১৯ আগস্ট, ২০১৮ দুপুর ১২:০০টা থেকে ১৮ সেপ্টেম্বর ২০১৮ তারিখ দিবাগত রাত ১২:০০ টার মধ্যে অনলাইনে আবেদনপত্র (সফট কপি) নির্ভুলভাবে পূরণ করে দাখিল করতে হবে। অনলাইনে আবেদনপত্র দাখিলের পর শুধুমাত্র প্রিন্টেড ১কপি (হার্ড কপি) সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগের মাধ্যমে এবং ১কপি সরাসরি অথবা ডাকযোগে আগামী ০৯ অক্টোবর ২০১৮ তারিখ রোজ মঙ্গলবার অফিস চলাকালীন সময়ের মধ্যে অবশ্যই বাংলাদেশ সরকারী কর্ম কমিশন সচিবালয়ে পৌঁছাতে হবে। উল্লিখিত তারিখের পর কমিশনে প্রাপ্ত আবেদনপত্র, কারণ যাই হোক না কেন, বাতিল বলে গণ্য হবে। উল্লেখ্য, মন্ত্রণালয় হতে বিলম্বে আবেদনপত্র প্রেরণের কারণে অনেক কর্মকর্তার আবেদনপত্র বাতিল হয়ে যায় এবং এ সকল কর্মকর্তা পরীক্ষায় অংশগ্রহণের সুযোগ হতে বঞ্চিত হন।

[বিশেষ দ্রষ্টব্য : যে সকল কর্মকর্তাকে নন-ক্যাডার থেকে বিসিএস ক্যাডারে অন্তর্ভুক্তি (এন ক্যাডার) করা হয়েছে তাদেরকে অবশ্যই সংশ্লিষ্ট আদেশ/প্রজ্ঞাপনের কপি আবেদনপত্র/হার্ডকপির সাথে সংযুক্ত করতে হবে অন্যথায় আবেদনপত্র/হার্ডকপি বাতিল বলে গণ্য করা হবে।]

২. অনলাইনে আবেদন ফরম যথাযথভাবে পূরণ করতে হবে। আবেদনপত্রের প্রিন্টেড কপিতে (হার্ড কপি) আবেদনকারী এবং উর্ধ্বতন কর্তৃপক্ষের সীলসহ স্বাক্ষর থাকতে হবে। উভয় কর্মকর্তার স্বাক্ষর ও সীলমোহর ব্যতীত পূরণকৃত আবেদনপত্র (হার্ড কপি) বাতিল বলে গণ্য হবে। প্রেরিত আবেদনপত্র (হার্ড কপি) এবং আবেদনপত্রে লিখিত তথ্যসমূহ সঠিক এবং অবশ্যই ত্রুটিমুক্ত হতে হবে। যে কোন ধরনের ত্রুটিযুক্ত বা ভুল সম্বলিত তথ্য আবেদনপত্র (হার্ড কপি) সরাসরি বাতিল বলে গণ্য হবে। এ বিষয়ে সতর্ক থাকার জন্য আবেদনকারী, আবেদনকারীর উর্ধ্বতন কর্তৃপক্ষ এবং সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগের সিনিয়র সচিব/সচিব/সংশ্লিষ্ট দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তাদের মনোযোগ/ দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে। শেষ মুহূর্তের জটিলতা এড়ানোর জন্য সর্বশেষ তারিখের জন্য অপেক্ষা না করে যথাসম্ভব দ্রুত অনলাইনে আবেদনপত্র দাখিল এবং পরবর্তীতে ম্যানুয়ালি তা মন্ত্রণালয়ে পাঠানোর জন্য প্রার্থীগণকে পরামর্শ দেওয়া হলো।
৩. অনলাইনে বিপিএসসি-৮ পূরণের নিয়মাবলি নিম্নরূপ :-
প্রার্থীকে বাংলাদেশ সরকারী কর্ম কমিশনের ওয়েব সাইট www.bpsc.gov.bd এর মাধ্যমে নির্ধারিত আবেদন ফরম পূরণ করে অনলাইন রেজিস্ট্রেশন কার্যক্রম সম্পন্ন করতে হবে। এ ওয়েবসাইটটি ওপেন করলে ২য় অর্ধ-বার্ষিকী বিভাগীয় পরীক্ষা, ডিসেম্বর/২০১৮ এর বাটনে click করলে Notice, Instructions for submitting application, বিপিএসসি ফরম-৮: রেজিস্ট্রেশন ফরম এর Link দৃশ্যমান হবে। Notice এর Link ক্লিক করলে ২য় অর্ধ-বার্ষিকী বিভাগীয় পরীক্ষা ডিসেম্বর/২০১৮ এর বিজ্ঞপ্তি পাওয়া যাবে। ওয়েবসাইটে আবেদনপত্র পূরণের বিস্তারিত নির্দেশনা দেওয়া আছে। ফরম পূরণের পূর্বে প্রার্থীগণ Instructions for submitting application এ click করে Instruction অংশটি ভালো করে পড়বেন। বিপিএসসি ফরম-৮ এর ৪(চার) টি section রয়েছে। section-1: personal details, section-2: Service related information, section-3: Examination related information, section-4: others ছবি এবং স্বাক্ষর প্রদানের জন্য পৃথক নির্দেশাবলি রয়েছে। প্রতিটি নির্দেশনা এবং বিপিএসসি ফরম-৮ এর প্রতিটি field এ প্রদত্ত নির্দেশনা অনুসরণ করে ফরম পূরণ করতে হবে। এ জন্য প্রার্থীদের National ID card এর নম্বর, ছবি [ইমেজ ৩০০x৩০০ পিক্সেল (pixels), ফাইল সাইজ ১০০ কেবির নিচে] এবং স্বাক্ষর [ইমেজ ৩০০ x৮০ পিক্সেল (pixels), ফাইল সাইজ ৬০ কেবির নিচে] প্রয়োজন হবে।
৪. প্রার্থীকে অবশ্যই কমিশন কর্তৃক নির্ধারিত ফরমে অনলাইনে আবেদন করতে হবে। অনলাইনে submitted আবেদনপত্রের প্রিন্টেড কপি (হার্ড কপি) ব্যতীত অন্য যে কোন ধরনের আবেদনপত্র গ্রহণযোগ্য হবে না অথবা পূর্বের আবেদনপত্রের হার্ডকপি প্রেরণ করলে আবেদনপত্র বাতিল বলে গণ্য হবে।
৫. পরীক্ষা অনুষ্ঠানের পূর্বে যোগ্য এবং অযোগ্য প্রার্থীর তালিকা কর্ম কমিশনের ওয়েবসাইটে পাওয়া যাবে। যোগ্য প্রার্থীর তালিকা প্রেস বিজ্ঞপ্তির মাধ্যমে জানানোর পর যোগ্য প্রার্থীগণকে কমিশনের ওয়েবসাইট হতে download করে পরীক্ষার প্রবেশপত্র সংগ্রহ করতে হবে। অনলাইনে আবেদন ফরম পূরণে কোনো সমস্যা হলে e-mail: dept_support@bpsc.gov.bd এ যোগাযোগ করার জন্য অনুরোধ করা হলো।


[মোঃ শাহ আলম মুদ্দা]
পরিচালক [যুগ্মসচিব]